

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 17-01-2025
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) পুলিশ সপ্তাহ উদযাপন উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ রবীন্দ্র শতবার্ষিকী ভবনে ৭ দিনব্যাপী এক চিত্র ও কারুশিল্প প্রদর্শনীর উদ্বোধন করেন ।
- (২) বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ আজ বড়দোয়ালি বিদ্যুৎ বিভাগে পিএম সূর্য ঘর মুফত বিজলী যোজনার নাম নথিভুক্ত করনের বিশেষ শিবিরের উদ্বোধন করেন ।
- (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জোর দিয়ে বলেছেন যে দেশের জনগনের আকাঙ্ক্ষা দ্বারা চালিত ভারতের অটোমোবাইল ক্ষেত্র একটি অভূতপূর্ব পরিবর্তনের সাক্ষী হচ্ছে ।
- (৪) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুনদিল্লির রাষ্ট্রপতি ভবনে ২০২৪ সালের জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান করেন ।

Police Week Painting Exhibition :

পুলিশ সপ্তাহ উদযাপন উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে ৭ দিনব্যাপী এক চিত্র ও কারুশিল্প প্রদর্শনীর উদ্বোধন করেন। মুখ্যমন্ত্রী প্রদর্শনীটি ঘুরে দেখেন এবং পুলিশের এই উদ্যোগের প্রশংসা করেন। পরে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে মুখ্যমন্ত্রী ডা. সাহা বলেন, এই প্রদর্শনীতে পুলিশের জওয়ান ও তাদের পরিবারের প্রতিভার চিত্র ফুটে উঠেছে। সারা বছর নিজেদের

কর্তব্য পালনের পাশাপাশি এ ধরনের উৎকর্ষতা নিশ্চয়ই প্রশংসার দাবি রাখে। অনুষ্ঠানে এছাড়াও রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন সহ পুলিশ প্রশাসনের অন্যান্য আধিকারিকগণ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, প্রদর্শনীতে ২৫২টি ছবি এবং ৮২টি শিল্পকর্ম প্রদর্শিত হচ্ছে।

Ratan Lal Nath :

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ আজ বড়দোয়ালি বিদ্যুৎ বিভাগে পিএম সূর্য ঘর মুফত বিজলী যোজনার নাম নথিভুক্ত করনের বিশেষ শিবিরের উদ্বোধন করেন। মন্ত্রী অনুষ্ঠানে জানিয়েছেন, পিএম সূর্য ঘর মুফত বিজলী যোজনা আত্মনির্ভর ত্রিপুরা গঠনের লক্ষ্য পূরণের জন্য অন্যতম একটি প্রকল্প। তিনি জানান, এই প্রকল্পের মাধ্যমে নিজের বিদ্যুতের চাহিদা নিজেরাই পূরণ করতে পারেন। প্রকল্পের অঙ্গ হিসেবে ভর্তুকি দিয়ে সোলার প্ল্যান্ট দেওয়া হচ্ছে। রাজ্যের ব্লক, পুর নিগমের ওয়ার্ড সহ বিভিন্ন জায়গায় শিবির করে পিএম সূর্য ঘর মুফত বিজলী যোজনার সুবিধা দেওয়া হচ্ছে। শিবিরে উপস্থিত ছিলেন, বিধায়িকা মিনা সরকার, বিদ্যুৎ সচিব অভিষেক সিং, রাজ্য বিদ্যুৎ নিগমের ম্যানেজিং ডিরেক্টর বিশ্বজিৎ বসু।

Adaita Mallabharman :

তপশিলি জাতি কল্যাণ দপ্তর এবং রামঠাকুর মহাবিদ্যালয়ের যৌথ উদ্যোগে ব্রাত্য জীবনের কথাকার অদ্বৈত মল্ল বর্মনের ১১১তম জন্ম বার্ষিকী উদযাপনের অঙ্গ হিসেবে আজ মহাবিদ্যালয়ের মুক্ত মঞ্চে "অদ্বৈত মল্ল বর্মনের সমাজ ভাবনা" শীর্ষক রাজ্য ভিত্তিক এক আলোচনা চক্রঅনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তপশিলি জাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস। তিনি বলেন, কালজয়ী ঔপন্যাসিক, প্রাবন্ধিক, গল্পকার

অদ্বৈত মল্ল বর্মন এক আর্থিক অস্বচ্ছল পরিবারে জন্মগ্রহণ করলেও অদম্য ইচ্ছাশক্তির কারণে এই অস্বচ্ছলতা তাঁর ব্যক্তিত্ব ও মেধার বিকাশে প্রতিকূলতা সৃষ্টি করতে পারেনি। তিনি বলেন, অদ্বৈত মল্লবর্মনকে মানুষ তাঁর কর্ম ও কৃতিত্বের জন্য সর্বদা মনে রাখবে। অনুষ্ঠানে মুখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ব বিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ডক্টর নির্মল দাস এবং মহিলা মহাবিদ্যালয়ের অবসরপ্রাপ্ত অধ্যাপক ডক্টর নারায়ণ ভট্টাচার্য। এছাড়াও উপস্থিত ছিলেন বিধায়িকা মীনা রানী সরকার, আগরতলা পুরনিগমের ডেপুটি মেয়র মণিকা দাস দত্ত। আলোচনাচক্রে সভাপতিত্ব করেন মহাবিদ্যালয়ের ভারপ্রাপ্ত অধ্যক্ষা পাপড়ি দাস।

AIR AIDS :

আকাশবাণী আগরতলা কেন্দ্র, ত্রিপুরা এইডস কন্ট্রোল সোসাইটি ও বীর বিক্রম মেমোরিয়াল কলেজের যৌথ উদ্যোগে আজ কলেজের ক্যাম্পাস হলে এইচআইভি/ এইডস সচেতনতা ও প্রতিরোধ বিষয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় বক্তব্য রাখেন ত্রিপুরা এইডস কন্ট্রোল সোসাইটির যুগ্ম অধিকর্তা শুভ্রজিৎ ভট্টাচার্য। তিনি এইচআইভি/এইডস সংক্রমণের কারণ, এই রোগের প্রতিরোধের উপায়, এইডস রোগীদের কলঙ্কিত করা থেকে বিরত থাকা এবং আক্রান্ত ব্যক্তিদের প্রতি সহানুভূতিশীল মনোভাব কি হওয়া উচিত তা বিস্তারিতভাবে আলোচনা করেন। একইসঙ্গে আধুনিক চিকিৎসা এবং প্রতিরোধমূলক ব্যবস্থা গুলো গুরুত্ব সম্পর্কেও সভায় উপস্থিত ছাত্র-ছাত্রী ও শিক্ষক-শিক্ষিকাদের অবহিত করেন। কলেজের টিচার কাউন্সিলের সেক্রেটারি অভিজিৎ ভট্টাচার্য আকাশবাণীর এই উদ্যোগের প্রশংসা করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন বি বি এমসি কলেজের অধ্যক্ষা এম দাশগুপ্তা, আকাশবাণী আগরতলা কেন্দ্রের আধিকারিক

জয়শ্রী দেববর্মা। আলোচনা শেষে ছাত্রছাত্রীদের মধ্যে এই বিষয় নিয়ে কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

C.B.C-Spl. Programme :

উনকোটি জেলার গৌরনগর ব্লকের ইছবপুরে সেন্ট্রাল বুরো অফ কমিউনিকেশন বা C.B.C'র উদ্যোগে আজ এক বিশেষ কার্যক্রম অনুষ্ঠিত হয়। এর আওতায় স্বচ্ছতা হি সেবা, এক পেড় মা কি নাম, নেশামুক্ত ভারত অভিযান, মিশন লাইফ বিষয়ে আলোচনা চক্রে বক্তব্য রাখেন, গৌরনগর ব্লকের অতিরিক্ত বি,ডি,ও তাজিম চাকমা, সি,বি,সি'র ক্ষেত্রপ্রচার আধিকারিক এইচ কে চেঙ, কমিউনিটি হেলথ অফিসার মীনাক্ষী গোস্বামী প্রমুখ। সভাপতিত্ব করেন, ইছবপুর পঞ্চায়েতের প্রধান মনোজ কুমার পাল। উপস্থিত ছিলেন, উনকোটি জিলা পরিষদের সদস্যা নন্দিতা মালাকার, উপ-প্রধান আব্দুল কালাম, পঞ্চায়েত সচিব সুব্রত চৌধুরী প্রমুখ। এই উপলক্ষে পঞ্চায়েত অফিস চত্বরে বিভিন্ন গাছের চারা রোপণ, সাফাই অভিযান ও উন্মুক্ত কুইজ অনুষ্ঠিত হয়। কুইজের সঠিক উত্তরদাতাদের পুরস্কৃত করা হয়।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে। আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্ল্যাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা /

ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে
আকাশবাণী নিউজ আগরতলা।

PM, Automobile :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জোর দিয়ে বলেছেন যে ভারতের
অটোমোবাইল ক্ষেত্র একটি অভূতপূর্ব পরিবর্তনের সাক্ষী হচ্ছে,
যা দেশের জনগণের আকাঙ্ক্ষা দ্বারা চালিত। আজ নতুনদিল্লিতে
ভারত মন্ডপমে ছয় দিনের ভারত মোবিলিটি গ্লোবাল এক্সপো
২০২৫ এর উদ্বোধন করে শ্রী মোদি বলেন যে বিকশিত ভারতের
যাত্রা গতিশীলতার ক্ষেত্রে অভূতপূর্ব রূপান্তর এবং তাৎপর্যপূর্ণ
বৃদ্ধির সাক্ষী হবে। তিনি বলেন যে দেশের অটোমোবাইল শিল্পের
ক্ষেত্রে গত বছর ১২ শতাংশ বার্ষিক প্রবৃদ্ধি হয়েছে। তিনি আরো
বলেন যে মেক ইন ইন্ডিয়া উদ্যোগের শক্তি দেশের অটো শিল্পের
বৃদ্ধির সম্ভাবনাকে ত্বরান্বিত করে। প্রধানমন্ত্রী জোর দিয়ে বলেন
যে ভারত নতুন জাতীয় পরিবহন নীতির মাধ্যমে বিশ্বের সবচেয়ে
প্রতিযোগিতামূলক লজিস্টিক দেশ হতে চলেছে। তিনি বলেন,
যাতায়াত সহজ করা আজ সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার। শ্রী
মোদী আরও উল্লেখ করেছেন যে ভারত সবুজ প্রযুক্তি, বৈদ্যুতিক
যানবাহন, হাইড্রোজেন জ্বালানী এবং জৈব জ্বালানীর উন্নয়নে
মনোযোগ দিচ্ছে। তিনি বলেন যে ভারত এখন বিনিয়োগকারীদের
জন্য একটি অসামান্য গন্তব্য।

#####Byte#####

অনুষ্ঠানে কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযুষ গোয়েল, কেন্দ্রীয়
ভারী শিল্প মন্ত্রী এইচডি কুমারস্বামী বক্তব্য রাখেন। ছ'দিনব্যাপী
এক্সপোতে পাঁচ হাজারের বেশি আন্তর্জাতিক অংশগ্রহণকারী এবং
আট শতাধিক প্রদর্শক তাদের পণ্য প্রদর্শন করবেন। উল্লেখ্য,
ভারত মোবিলিটি গ্লোবাল এক্সপোতে ১৯ থেকে ২২শে জানুয়ারী
পর্যন্ত দর্শকরা জন্য বিনামূল্যে প্রবেশ করতে পারবেন।

National Sports Awards :

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুনদিল্লির রাষ্ট্রপতি ভবনে ২০২৪ সালের জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান করেন। বিশ্ব দাবা চ্যাম্পিয়ন ডি. গুকেশ, প্যারিস অলিম্পিকে দ্বৈত পদক বিজয়ী মনু ভাকের, পুরুষ হকি দলের ক্যাপ্টেন হরমনপ্রীত সিং এবং প্যারিস প্যারা অলিম্পিকে স্বর্ণপদক বিজয়ী প্রবীণ কুমারকে সম্মানজনক মেজর ধ্যানচাঁদ খেল রত্ন পুরস্কারে সম্মানিত করা হয়েছে। প্যারা-শুটিং কোচ সুভাষ রানা, শুটিং কোচ দীপালি দেশপান্ডে, হকি কোচ সন্দীপ সাংওয়ান, ব্যাডমিন্টন কোচ এস মুরলিধরন এবং ফুটবল কোচ আরমান্দো অ্যাগনেলো কোলাকোকে দ্রোণাচার্য পুরস্কার দেওয়া হয়।

৩২ জন ক্রীড়াবিদকে অর্জুন পুরস্কার দেওয়া হয়। তাদের মধ্যে রয়েছেন অ্যাথলেট জ্যোতি ইয়ারাজি এবং আনু রানী, বক্সার নিতু এবং সাউইটি, দাবা খেলোয়াড় ভান্তিকা অগ্রবাল, হকি খেলোয়াড় সালিমা তেতে, অভিষেক, সঞ্জয়, জারমানপ্রীত সিং এবং সুখজিৎ সিং। প্যারা-আর্চার রাকেশ কুমার, প্যারা অ্যাথলেট প্রীতি পাল, জীবনজি দীপ্তি, অজিত সিং এবং শচীন খিলারি সহ অন্যান্যরা পুরস্কার পেয়েছেন।

প্রবীণ অ্যাথলিট সুচা সিং এবং প্রবীণ প্যারা সাঁতারু মুরলিকান্ত পেটকারকে জীবনকৃতি অর্জুন পুরস্কার দিয়ে সম্মানিত করা হয়। চণ্ডীগড় বিশ্ববিদ্যালয় খেলো ইন্ডিয়া ইউনিভার্সিটি গেমসে সামগ্রিকভাবে শীর্ষ বিশ্ববিদ্যালয় হিসাবে মৌলানা আবুল কালাম আজাদ ট্রফি পেয়েছে।

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৯শে জানুয়ারী রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের

জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত' - এর ১১৮তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নমঃ APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

MSP :

খোয়াই কৃষি মহকুমার উদ্যোগে কৃষকদের কাছ থেকে সহায়ক সরকারি মূল্যে ধান কেনা আজ থেকে শুরু হয়েছে। চলবে আগামী ২০শে জানুয়ারি পর্যন্ত। আজ অফিস টিলা খাদ্য গুদাম প্রাঙ্গণে এই কর্মসূচির সূচনা করেন খোয়াই জিলা পরিষদের সভানেত্রী অপর্ণা সিংহ রায়। এ বছর খোয়াই মহকুমায় ৩৭৫ মেট্রিক টন ধান কেনার লক্ষ্যমাত্রা রয়েছে।

BJP :

বিজেপি সদর শহর জেলার উদ্যোগে আজ আগরতলায় একটি রেলি অনুষ্ঠিত হয়। রেলিতে উপস্থিত ছিলেন বিজেপি রাজ্য সভাপতি, সাংসদ রাজীব ভট্টাচার্য, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, বিজেপি নেত্রী পাপিয়া দত্ত প্রমুখ। প্যারাডাইস চৌমুহনিতে এক সভায় বক্তব্য রাখতে গিয়ে বিজেপি রাজ্য সভাপতি শ্রী ভট্টাচার্য বলেন সংবিধান হচ্ছে জনগণের জন্য ধর্মগ্রন্থ এর মতো। সংবিধান দেশের গৌরব।

BJP-Unakoti :

B.J.P'র কৈলাশহরস্থিত ঊনকোটি জেলা কার্যালয়ে আজ সংবিধান গৌরব দিবস উপলক্ষ্যে কর্মশালা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন, দলের জেলা সভাপতি পবিত্র চন্দ্র দেবনাথ, কৈলাসহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায় প্রমুখ। পরে এক রেলি কৈলাশহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

Sports Talents Search :

গ্রামাঞ্চল থেকে ক্রীড়া প্রতিভার খোঁজে প্রতিভা অন্বেষণ, রাজ্য সরকার ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করবে। আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে ক্রীড়া ও যুব বিষয়ক মন্ত্রী টিংকু রায় একথা জানান। তিনি জানান, ১০ বছর থেকে ১৪ বছর বয়সী ছেলেমেয়েরা এই প্রতিযোগিতায় অংশ নিতে পারবে। ফুটবল, কবাডি, খো-খো এবং এথলেটিক্স এই চার বিভাগে হবে প্রতিযোগিতা। আগামী পয়লা ফেব্রুয়ারী থেকে ২৮শে ফেব্রুয়ারী পর্যন্ত রাজ্যের ৫৮টি ব্লককে চারটি জোনে বিভক্ত করে প্রথমে মহকুমা স্তরে, পরে জেলা স্তর ও রাজ্য স্তরের প্রতিযোগিতায় বাছাইকরা ক্রীড়া প্রতিভাদের আরও ভালো প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে।

Weather :

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। তাপমাত্রা সর্বোচ্চ ২৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮ দশমিক ২ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল সকালে রাজ্যের কিছু কিছু জায়গায় ঘন কুয়াশা পড়বে।
